

বাক্বিতে শিক্ষার্থীদের ক্লাস বর্জন, মিছিল

■ বাক্বির সংবাদদাতা।
যেংসা ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের
সুপারিশক্রমে দেশে প্রাণিসম্পদ
ডিপ্রোমা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প
বন্ধ করে প্রাণিসম্পদ সেক্টরের
পূর্ণাঙ্গ অর্গানোগ্রাম বাস্তবায়নের
দাবিতে রোববার বাংলাদেশ কৃষি
বিশ্ববিদ্যালয়ের (বাক্বি)
ভেটেরিনারি অনুষদের শিক্ষার্থীরা
ক্লাস বর্জন করে ক্যাম্পাসে বিক্ষোভ
মিছিল ও সমাবেশ করেছেন।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়,
প্রাণিসম্পদ অধিদফতরের
সুপারিশক্রমে তিন বছর মেয়াদি
ভেটেরিনারি ডিপ্লোমা কোর্স চালুর
নাজে দেশে অবস্থিত দুটি
ভেটেরিনারি ট্রেনিং ইনস্টিটিউট ও
দুটি প্রাণিসম্পদ ট্রেনিং
ইনস্টিটিউটকে পরিবর্তন করে
প্রাণিসম্পদ ডিপ্লোমা ইনস্টিটিউটে
পরিণত করতে পরিকল্পনা
মন্ত্রণালয়ে একটি প্রকল্প প্রক্রিয়াজাত
রয়েছে। প্রক্রিয়াজাত প্রকল্পটি বন্ধের
দাবিতে বিশ্ববিদ্যালয়ের
ভেটেরিনারি অনুষদের সব বর্ষের
শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে সকাল
১১টার দিকে ক্যাম্পাসে বিক্ষোভ
মিছিল বের করেন। বিক্ষোভ
মিছিলটি অনুষদ থেকে শুরু হয়ে
বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ
স্থান প্রদক্ষিণ করে প্রফেসর মুহাম্মদ
হোসেন কেন্দ্রীয় গবেষণাগারের
প্রধান ফটকে গিয়ে শেষ হয়।